

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২, কাকরাইল, ঢাকা।

স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.২৯.০০২.১৬.২১১৭

তারিখ : ১১. ০৯.২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয় : উন্নয়ন মেলার আয়োজনের প্রস্তুতিমূলক সভায় অংশ গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী অক্টোবর/২০১৮-তে সারা দেশ ব্যাপী জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত উন্নয়ন মেলায় দেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অবদান তুলে ধরা এবং বিদেশে কর্মী প্রেরণের মাধ্যমে রেমিটেন্স অর্জন, সেবা বিকেন্দ্রীকরণ, সচেতনতা বৃদ্ধি, অভিবাসন ব্যয় হ্রাস ইত্যাদি বিষয়সমূহ মেলায় প্রচারণার মাধ্যমে অংশগ্রহণ এবং উন্নয়ন মেলার প্রতিটি স্টলই যেন প্রথম স্থান অর্জন করতে পারে সে উদ্দেশ্যে কাজ করার জন্য বিএমইটি'র অধীন সকল ডিইএমও, টিটিসি ও আইএমটিসমূহ নিয়ে উন্নয়ন মেলা আয়োজনের জন্য আগামী ১৫ সেপ্টেম্বর/২০১৮ তারিখ রোজ শনিবার সকাল ৯:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বিএমইটি'র সম্মেলন কক্ষে এক প্রস্তুতিমূলক কর্মশালার আয়োজন করা হয়েছে।

০২. আয়োজিত কর্মশালায় আইএমটি, টিটিসি, শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর, বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ডিইএমও'সমূহের অফিস প্রধানগণকে উন্নয়ন মেলার কর্ম-পরিকল্পনাসহ নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ কর্মশালায় অংশ গ্রহণকারী কর্মকর্তাদের নিম্নবর্ণিত ড্রেস কোড অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

পুরুষদের জন্য সাদা ফুল সার্ট ও কালো প্যান্ট এবং কালো সু  
ও  
মহিলাদের জন্য মার্জিত হালকা রং এর শাড়ী  
রেজিস্ট্রেশন এর সময় : সকাল ৯.০০ হতে ৯.৩০ ঘটিকা।

581-  
(মোহাম্মদ আতাউর রহমান)  
যুগ্মসচিব  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন : ৮৩০০২৬৪ (অফিস)

- ১। অধ্যক্ষ  
ইনস্টিটিউট অব মেরিং টেকনোলজি (সকল)।
- ২। অধ্যক্ষ  
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (সকল)।
- ৩। সহকারী পরিচালক  
বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ৪। সহকারী পরিচালক  
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ৫। সহকারী পরিচালক  
শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর (সকল)।

স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.২৯.০০২.১৬.২১১৭(১৫০)

তারিখ : ১১. ০৯.২০১৮ খ্রিস্টাব্দ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/বহির্গমন/কর্মসংস্থান/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা), বিএমইটি, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়.....।
- ৪। জনাব মোঃ রেজওয়ানুল হক চৌধুরী, উপপরিচালক (বাজেট ও আইটি), (বিএমইটি'র ওয়েব সাইট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো), বিএমইটি, ঢাকা।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাব রক্ষণ অফিস.....।
- ৬। জনাব ..... বিএমইটি, ঢাকা (নির্ধারিত তারিখ ও সময়ে ড্রেস কোড অনুসরণ করে উন্নয়ন মেলা আয়োজনের প্রস্তুতিমূলক সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)।
- ৭। উপপরিচালক (সাধারণ সেবা), বিএমইটি, ঢাকা(কনফারেন্স রুম প্রস্তুত ও আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
- ১০। অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
- ১১। মাস্তীর নথি/২০১৮ খ্রিঃ।

মোহাম্মদ আলী  
সহকারী পরিচালক (প্রশাসন)